দৈনিক ইত্তেফাক

তারিখ 17 OCT 1998
পৃষ্ঠা ৯ কলাম ৬

15

## কর্মমুখী শিক্ষা সম্প্রসারণের উপর গুরুত্ব আরোপ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী এম এ মান্নান দেশে কর্মমুখী শিল্প সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করিয়াছেন। তিনি বলেন, দেশের বিপুল সংখ্যক বেকার জনগোষ্ঠীর জন্য কর্মের সুযোগ সৃষ্টি করিতে হইলে যুগোপযোগী শিল্প বিস্তারের কোন বিকল্প নাই।

মন্ত্রী গতকাল বৃহস্পতিবার উত্তরায় উত্তরা টাউন কলেজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন। জাতীয় সংসদের হুইপ অধ্যাপিকা খালেদা খানম এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আহসান আলী সরকার অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন।

কলেজ পরিচালনা পরিষদের সভাপতি অধ্যাপক ডঃ আবুল খায়েরের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন প্রাক্তন সচিব মোঃ ফয়েজ উল্লাহ ও কলেজের অধ্যক্ষ তোফায়েল আহমেদ চৌধুরী।

পরে মন্ত্রী কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে বন্যার্তদের সাহায্যার্থে ভূইয়া একাডেমীর ছাত্র-ছাত্রীদের উদ্যোগে আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। একাডেমীর প্রিন্সিপাল ব্যারিষ্টার রাবেয়া ভূইয়াও এ অনুষ্ঠানে বক্তৃতা করেন। —তথ্য বিবরণী